

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ ভালো কাজের ক্ষেত্রে মধ্যমপন্থার কাছাকাছি থাকার নির্দেশ। কেননা পরকালে সফলতা আসবে আল্লাহর রহমতের মাধ্যমে; অধিক আমলের মাধ্যমে নয়

ذكر الأمر بالمقاربة في الطاعات إذ الْفَوْنُ فِي الْعُقْبَى يَكُونُ بِسَعَةِ رَحْمَةِ اللَّهِ لَا بِكَثْرَةِ الْأَعْمَال

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُسْلِمٍ عَنِ الْخَمْشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هريرة وَأَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هريرة وَأَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (سَدِّدُوا وَقَارِبُوا وَلَا يُنجِي أَحَدًا مِنكُم عملُهُ) قُلْنَا: وَلَا أَنْتَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (وَلَا أَنَا إلا أَن يتغمَّدني الله منه برحمةٍ.)

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 351 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৫১. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমরা মধ্যমপস্থা অবলম্বন করবে এবং মধ্যমপস্থার কাছাকাছি থাকবে। তোমাদের কাউকেই তার আমল তাকে পরিত্রান দিতে পারবে না।" আমরা বললাম: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনাকেও না?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "না, আমাকেও আমার আমল পরিত্রান দিবে না। তবে মহান আল্লাহু আমাকে স্বীয় রহমত দ্বারা ঢেকে নিবেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩৭; সহীহ মুসলিম: ২৮১৭।



হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ; ২৬০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন